

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।
 (২) Screening Materials পরিবহনের জন্য পূর্বানুমোদিত দরের কপি।
 (৩) প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়ঃ “Transport of Screening Materials from STP and Sewage Lifting Station for Dasherakandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


ক্রমিক নং-০১ হতে ০৩ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।


০২। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় ১টি পয়ঃলিফটিং স্টেশনসহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরে ১টি ইনলেট পাম্পিং স্টেশন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লিফটিং স্টেশন ও পয়ঃশোধনাগারের অভ্যন্তরের ইনলেট পাম্পিং স্টেশনে প্রতিদিন প্রায় ১০-১২ টন Screening Materials জমা হয়। পয়ঃশোধনাগারের সুষ্ঠু Screening Materials কার্যক্রম চলমান রাখাসহ পয়ঃশোধনাগারের পরিবেশ সুন্দর রাখার স্বার্থে উক্ত Screening Materials সহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরের অন্যান্য ময়লা প্রতিদিন সিটি কর্পোরেশনের ডাম্পিং ইয়ার্ডে স্থানান্তর করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক পূর্বানুমোদিত দরের ভিত্তিতে Screening Materialsসহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরের অন্যান্য ময়লা সিটি কর্পোরেশনের ডাম্পিং ইয়ার্ডে স্থানান্তর করার জন্য প্রতি ৩টন ধারন ক্ষমতা সম্পন্ন গাড়ীর জন্য ২,২৫০.০০ টাকা হিসেবে (ক্রমিক নং- ২ দ্রঃ) প্রতি মাসে কম/বেশি ৩৬০টন ময়লা স্থানান্তরের নিমিত্তে ১২০গাড়ীর জন্য প্রতি মাসে (২২৫০x১২০x১)=২,৭০,০০০.০০ টাকা প্রয়োজন। সেপ্রেক্ষিতে ০৯(নয়) মাসের জন্য কম/বেশী ১০৮০ গাড়ী হিসেবে ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। মোট প্রাক্কলিত মূল্য ২৪,৩০,০০০.০০ (চব্বিশ লক্ষ ত্রিশ হাজার) টাকা মাত্র (ক্রমিক নং- ৩দ্রঃ)। উল্লেখ্য, প্রকৃত গাড়ীর সংখ্যার উপর ভিত্তি করে বিল প্রদান করা হবে। আলোচ্য কাজটির ব্যয় পয়ঃশোধনাগারের আওতায় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৩৪ হতে নির্বাহ করা হবে (ক্রমিক নং- ১দ্রঃ)। এছাড়া, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ও চুক্তি ব্যবস্থাপনাসহ ক্রয় সংক্রান্ত যাবতীয় সকল কার্যক্রম নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার কর্তৃক গ্রহণ করা হবে।


০৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় বিদ্যমান পয়ঃ লিফটিং স্টেশন ও ইনলেট পাম্পিং স্টেশনের Screening Materialsসহ পয়ঃশোধনাগারের অভ্যন্তরের অন্যান্য ময়লা সিটি কর্পোরেশনের ডাম্পিং ইয়ার্ডে স্থানান্তর করার জন্য ৩টন ধারন ক্ষমতা সম্পন্ন প্রতি গাড়ী হিসেবে কম/বেশী ১০৮০ গাড়ী ময়লা পরিবহনের জন্য “Transport of Screening Materials from STP and Sewage Lifting Station for Dasherakandi STP” শীর্ষক কাজটি PPR-2025 এর ধারা- ৮০ অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM)’র e-PW2B অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ২৪,৩০,০০০.০০ (চব্বিশ লক্ষ ত্রিশ হাজার টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।



০৭/০২/২০২৬
মনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



০৪.০২.২০২৬
আসিম কবির
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।


০৪/২/২৬
মোঃ আল আমিন
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


০৪/০২/২০২৬
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পঃশোধঃ সার্কেল
ঢাকা ওয়াসা।


০৭/০২/২০২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।


০৭.০২.২০২৬
১৫৪(০১৫)
মোঃ মিজানুল হক
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ও
প্রতিকল্প কর্মকর্তা
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএভএম)
ঢাকা ওয়াসা।


০৭/০২/২০২৬
মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।